



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

১৫৬১৬

২নং অরফ্যানেজ রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 5817908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ হবিগঞ্জ-৬৮ / ১৫৫৫

তারিখ: ১৭/০৭/২০১৬খ্রিঃ

বিষয় : ম্যানেজিং কমিটির সভাপতি পদে নির্বাচন অনুমোদন প্রদান প্রসঙ্গে।

সূত্র : নং-উমাশিঅ/হবি/নবী/২০১৬/২২৭; তারিখ: ১৪.০৬.২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার নবীগঞ্জ উপজেলাধীন নবীগঞ্জ নহরপুর শাহ জালাল (রঃ) দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি পদে দায়িত্বরত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ দাপ্তরিক কাজে ব্যস্ততা ও শারীরিক অসুস্থতা জনিত কারণে স্বেচ্ছায় পদত্যাগপত্র দাখিল করেছেন। মাদরাসার সুপার পুনরায় সভাপতি মনোনয়নের জন্য সভাপতির পদত্যাগপত্র ও প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করেছেন।

২) দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৮(৫) অনুসারে নির্বাচন পরিচালনাকারী প্রিজাইডিং অফিসারের সভাপতি অর্থাৎ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ কর্তৃক জনাব মোঃ গোলাম রসুল রাহেল চৌধুরী, পিতা- আলহাজ্ব গোলাম রব্বানী চৌধুরীকে সভাপতি হিসাবে মনোনয়ন প্রদানের জন্য সুপারিশ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিগত ৩১/০৩/২০১৬খ্রিঃ তারিখের নং-বামাশিবো/প্রশা/১০৪৮/নথি নং- হবি-৬৮ স্মারকে মনোনীত ম্যানেজিং কমিটির সভাপতি পদ হতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জকে অব্যাহতি প্রদান করা হলো। এতদসঙ্গে ম্যানেজিং কমিটির অবশিষ্ট মেয়াদের জন্য জনাব মোঃ গোলাম রসুল রাহেল চৌধুরী, পিতা- আলহাজ্ব গোলাম রব্বানী চৌধুরীকে সভাপতি পদে নির্বাচনের বিষয়টি বোর্ড কর্তৃক অনুমোদন প্রদান করা হলো।

প্রফের এ, কে, এম, ছায়েফ উল্যা

চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)

ও রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৫৮৬১০২১৬

প্রাপকঃ জনাব মোঃ গোলাম রসুল রাহেল চৌধুরী, পিতা- আলহাজ্ব গোলাম রব্বানী চৌধুরী

গ্রামঃ এ খালেক মঞ্জিল, হাসপাতাল রোড, উপজেলা- নবীগঞ্জ, জেলা- হবিগঞ্জ।

নং- বামাশিবো/প্রশা/ হবিগঞ্জ-৬৮ / ১৫৫৫/৭

তারিখ: ১৭/০৭/২০১৬খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
২. জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৪. ম্যানেজার, জনতা ব্যাংক লিমিটেড, নবীগঞ্জ শাখা, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৫. সুপার, নবীগঞ্জ নহরপুর শাহ জালাল (রঃ) দাখিল মাদরাসা, নবীগঞ্জ, হবিগঞ্জ।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪